## কচুয়া উপজেলাধীন "জোবাই কৃষিপন্য উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ" এর সাফল্যগাথা/সচিত্র প্রতিবেদন।

০১। ভূমিকা ঃ-বাগেরহাট জেলার কচুয়া উপজেলাধীন জোবাই বাজারে অবস্থিত "জোবাই কৃষিপন্য উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ" এই সমবায় সমিতিটি বিগত ০১.০৭.২০১৯ খ্রিঃ তারিখে প্রতিষ্ঠিত হয় এবং বিগত ১৭.০৫.২০২০ খ্রিঃ তারিখে ৬৭ নং এ নিবন্ধিত হয়। অত্র জোবাই এলাকা একটি কৃষি প্রধান এলাকা। এ এলাকায় প্রচুর পরিমানে কৃষিপন্য ও মৎস্য চাষ করা হয়।জমিতে মৎস্য চাষ এবং ভেড়ী বাধে শাক, সবজি ও তরকারি চাষ করা হয়। কৃষকগন উৎপাদিত ফসলের নতুন নতুন বাজার সৃষ্টি এবং বাজার জাত করণের লক্ষ্যে সমবায় সমিতি গঠনে জড়িয়ে আছে।

০২। সদস্য সংখ্যা ও বিভিন্ন কর্মসূচি ঃ নিবন্ধনকালে অত্র সমিতির সদস্য সংখ্যা ছিল মাত্র ২০ (বিশ) জন। বর্তমানে সমিতির সদস্য বৃদ্ধি পেয়ে ৬৫ জনে দাড়িয়েছে। এর মধ্যে পুরুষ সদস্য ৩৫ জন এবং মহিলা সদস্য ৩০ জন। সমিতির কর্তৃপক্ষ সমিতির উন্নয়নের জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছেন। এর মধ্যে শষা, বরবটি, চাল কুমড়া, মিষ্টি কুমাড়, লাউ,করল্লা এবং কাকরোল চাষ সহ মৎস্য চাষ ও ক্ষুদ্র ঋণ কার্যক্রম অন্যতম।

০৩। কার্যক্রমের বর্ণনা ঃ বর্তমানে সমিতিতে বিভিন্ন কার্যক্রমচালু করা হয়েছে।এর মধ্যে শষা, বরবটি, চাল কুমড়া, মিষ্টি কুমাড়, লাউ, করল্লা এবং কাকরোল চাষ সহ মৎস্য চাষ ও ক্ষুদ্র ঋণ কার্যক্রম অন্যতম।

০৪। বিগত বছর গুলোর উল্লেখযোগ্য কর্মকান্ডের বর্ণনা ঃ সমিতি নতুন নিবন্ধিত বিধায় বিগত বছরের কোন কার্যক্রম উল্লেখ করা সম্ভব নয়।

০৫। কেস স্টাডি ঃ সমিতিতে এ জাতিয় উল্লেখযোগ্য তেমন কিছু নাই।

০৬। কি ভাবে সফল হল তার বর্ননা ঃ অত্র সমিতি একটি ভিন্ন ধরনের সমিতি । এ এলাকায় সরোজমিনে পরিদর্শন করলে দেখা যায় মনে হয় যেন, দেশের সকল শাক সবজি ও তরকারি এ এলাকায় উৎপাদিত হয়।একই জমিতে সবজি চাষ ও মৎস্য চাষ করা হয়ে থাকে। এটাই সমিতির সফলতা লাভের মূল কারণ।

০৭। লভ্যাংশ বিতরণ ও সিডিএফ আদায় ঃ সমিতিটি নতুন নিবন্ধন বিধায় লভ্যাংশ বিতরণ ও সিডিএফ আদায় সম্ভব হয়নি।

০৮। অডিট সম্পর্কিত তথ্য ঃ সমিতিটি নতুন নিবন্ধন বিধায় অডিট কার্য এখনওসম্পাদিত হয়নি।

০৯। ব্যাংক ও অন্যান্য তথ্য ঃ সমিতির সকল আর্থিক লেন দেন ব্যাংক হিসাবের মাধ্যমে পরিচালিত হচ্ছে।

১০। আর্থ সামাজিক উন্নয়নে ভুমিকা ঃ সমিতির মাধ্যমে অধিক ফলনশীল শাক শবজির বীজ ক্রয় বিক্রয়ের কেন্দ্র স্থাপন করা হয়েছে। যার মাধ্যমে এলাকর সাধারণ মানুষ উপকৃত হচ্ছেন।

১১। কর্মকান্ডের ছবি ঃ



করল্লা উৎপাদন খামারের ছবি।



বরবটি উৎপাদনের ছবি।



লাউ, কুমড়া ও কাকরোল উৎপাদন খামারের ছবি।



শষা ও মৎস্য চাষ কার্যক্রমের ছবি।

# কচুয়া উপজেলাধীন "সূর্য তোরণ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ" এর সাফল্যগাথা/সচিত্র প্রতিবেদন।

০১। ভূমিকা ঃ-বাগেরহাট জেলার কচুয়া উপজেলাধীন বাধাল বাজারে অবস্থিত "সূর্য তোরণ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ" এই সমবায় সমিতিটি বিগত ৩১.১২.২০১৩ খ্রিঃ তারিখে ৪৫/বা রেজি নং এ জেলা সমবায় কার্যালয়, বাগেরহাট থেকে নিবন্ধিত হয়। নিবন্ধন কালে সমিতিতে তেমন কোন উল্লেখযোগ্য কিছুই ছিল না। ধারাবাহিকভাবে সমিতির বর্তমানে বেশ প্রসংশার দাবিদার। যার ফলে এই সমিতিটি অত্র কচুয়া উপজেলার একটি মডেল সমবায় সমিতি হিসাবে আখ্যায়িত করা হয়েছে।

০২। সদস্য সংখ্যা ও বিভিন্ন কর্মসূচি ঃ নিবন্ধনকালে অত্র সমিতির সদস্য সংখ্যা ছিল মাত্র ২০ (বিশ) জন। মাত্র ০১ (এক) বছর পরে সমিতির সদস্য সংখ্যা দাড়ায় ১২০ (এক শত বিশ) জনে। সমিতির ব্যবস্থাপনা কমিটির সততা ও নিষ্ঠার কারণে পার্শবর্তী সাধারন মানুষ অত্র সমিতির সদস্য হিসাবে ভর্তি হতে থাকে। বর্তমানে সমিতির মোট সদস্য ৪১৪ জন। এর মধ্যে পুরুষ সদস্য ৩৬০ জন এবং মহিলা সদস্য ৫৪ জন। সমিতির কর্তৃপক্ষসমিতির উন্নয়নের জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছেন। এর মধ্যে ক্ষুদ্র ঋণ কার্যক্রম অন্যতম। এছাড়াও সমিতির সদস্যদের মধ্যে হাঁস, মুরগী পালন, স্যানিটেশন কার্যক্রম, গবাদি পশু পালন ইত্যদি কর্মসূচি গ্রহণ করেছেন।

০৩। কার্যক্রমের বর্ণনা ঃ বর্তমানে সমিতিতে বিভিন্ন কার্যক্রম চালু করা হয়েছে এর মধ্যে হাঁস, মুরগী পালন, স্যানিটেশন কার্যক্রম, গবাদি পশু পালন চালু রয়েছে।

০৪। বিগত বছর গুলোর উল্লেখযোগ্য কর্মকান্ডের বর্ণনা ঃ বিগত বছর গুলিতে অত্র সমিতির দরিদ্র সদস্যদের মাঝে ধর্মীয় অনুষ্ঠানে সাধ্যমত আর্থিক সহায়তা করে থাকে। শীতকালে শীত বস্ত্র বিতরণসহ দরিদ্র ও মেধাবী ছাত্র ছাত্রিদের জন্য বৃত্তির ব্যবস্থা চালু করেছে।

০৫। কেস স্টাডি ঃ সমিতিতে এ জাতিয় উল্লেখযোগ্য তেমন কিছু নাই।

০৬। কি ভাবে সফল হল তার বর্ননা ঃ অত্র সমিতির কর্তৃপক্ষের সততা, নিষ্ঠা এবং আচরনে অনুপ্রানিত হয়ে দিন দিন সমিতির সদস্য সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সমিতির কর্তৃপক্ষ নিয়মিতভাবে সদস্যদের লভ্যাংশ বিতরণ করে থাকে এবং সঞ্চয় আমানতের সুদ প্রদান করে থাকে। এটাই সমিতির সফলতা লাভের মূল কারণ।

০৭। লভ্যাংশ বিতরণ ও সিডিএফ আদায় ঃ সমিতি নিবন্ধনের পর কোন অর্থ বছরে ক্ষতির সন্মুখীন হয় নাই। প্রতি বছর সমিতিতে প্রচুর নীট লাভ অর্জন করে থাকে। বিগত বর্ষে অর্থ্যাৎ ২০২০-২০২১ সনে সমিতি ১৮৭২৫৩/- টাকা লভ্যাংশ বিতরণ করেছে। এছাড়াও নিয়মিতভাবে সমিতি সিডিএফ পরিশোধ করেছে।

০৮। অডিট সম্পর্কিত তথ্য ঃ সমিতির কর্তৃপক্ষ সমিতির বাৎসরিক অডিট সম্পাদনে খুবই আন্তরিক। প্রতি বছর জুলাই/আগষ্টের মধ্যে অডিট কার্যক্রম সম্পাদিত হয়। এছাড়াও প্রতি ০৩ (তিন) মাস অন্তর সমিতির সকল হিসাব যাচাই করে থাকে।

০৯। ব্যাংক ও অন্যান্য তথ্য ঃ সমিতির সকল আর্থিক লেন দেন ব্যাংক হিসাবের মাদ্যমে সম্পাদিত হয়ে থাকে।

১০। আর্থ সামাজিক উন্নয়নে ভূমিকা ঃ সমিতির কর্তৃপক্ষ যথেষ্ঠ সমাজ উন্নয়ন মূলক কার্যক্রম পরিচালনা করে থাকে। কোভিট ১৯ করোনা ভাইরাচ সংক্রামন জনিত কারণে সমিতির ক্ষতিগ্রস্থ সদস্যদের মাঝে সমিতির নিজস্ব তহবিল হতে ৫০০০০/-মূলের ত্রাণ বিতরণ করেছেন। এছাড়া শীত বস্ত্র বিতরণ, ধর্মীয় অনুষ্ঠানে সাধ্যমত আর্থিক সহায়তা প্রদান, শিক্ষা বৃত্তি প্রদান, ছেলে মেয়েদের বিবাহ কালীনঅর্থ সহায়তা প্রদান করে থাকে।

১১। কর্মকান্ডের ছবি ঃ




করোনা ভাইরাসে ক্ষতিগ্রস্ত সদস্যদের মাঝে ত্রাণ বিতরণের ছবি।




সমিতি কর্তৃক পরিচালিত পোল্ট্রি ফার্মের কার্যক্রমের ছবি।




সমিতি কর্তৃক পরিচালিত স্যানিটেশন কার্যক্রমের ছবি।




সমিতি কর্তৃক পরিচালিত গবাদিপশু পালন কার্যক্রমের ছবি।